দৈনিক ইত্তেফাক

145

তারিখ ... SEP. 08 1999 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

## ইংরেজী ক্যাপিটাল লেটারের প্রয়োগ প্রসঙ্গে

গত ৫/৬/৯৯ তারিখে দৈনিক ইত্তেফাকের তৃতীয় পৃষ্ঠায় প্রকাশিত ওরিয়্যান্টাল রীয়াল এস্টেট লিমিটেডের একটি বিজ্ঞাপনে ব্যবহৃত ইংরেজী শব্দের প্রতি দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। বিজ্ঞাপনে উল্লেখিত নির্দিষ্ট স্থানের নামের প্রথম অক্ষরে ক্যাপিটাল লেটার ব্যবহার না করিয়া স্মল লেটার ব্যবহার করা হইয়াছে। নির্দিষ্ট স্থানগুলি হইল ধানমন্ডি, গুলশান, বনানী ও উত্তরা। ঐ তৃতীয় পৃষ্ঠাতে বসতি কনসরটিয়ামের 'বসতি' শব্দটির আদ্যাক্ষরে স্মল লেটার ব্যবহার করা হইয়াছে। তাহা ছাড়া, ইদানীং কোন কোন সংস্থা বা প্রতিষ্ঠানের নামের আদ্যাক্ষরে ক্যাপিটাল লেটার না বসাইয়া স্মল লেটারের ব্যবহার চোখে পড়ে। যথাস্থানে ক্যাপিটাল লেটার ব্যবহারের পরিবর্তে স্মল লেটার প্রয়োগের হেতু বোধগম্য নহে।

জে,সি নেসফিল্ডের গ্রামারে প্রপার নাউন-এর ব্যাপারে স্পষ্ট লেখা রহিয়াছে, 'দ্যা রাইটিং অব এ প্রপার নাউন, শুড অলওয়েজ্ বি কমেন্সড্ উইথ এ ক্যাপিটাল লেটার'। আমরা জানি ইংরেজী বর্ণের দুইটি রূপ- ক্যাপিটাল এবং স্মল। ক্যাপিটাল লেটারের প্রয়োগবিধিঃ

১. কোন নির্দিষ্ট লোকের নাম, কোন নির্দিষ্ট স্থানের নাম, কোন নির্দিষ্ট জাতির নামের প্রথম অক্ষর ক্যাপিটাল লেটার দিয়া লিখিতে হইবে।

২. কোন সেন্‌টেন্স লিখিতে হইলে তাহার প্রথম ওয়ার্ডের প্রথম লেটারটি ক্যাপিটাল-এ লিখিতে হইবে।

৩. ইংরেজী কবিতার প্রত্যেক পঙক্তির প্রথম লেটারটি ক্যাপিটাল হইবে।

৪. দিন, বার, মাস, ধর্মীয় উৎসব ইত্যাদির নাম ক্যাপিটাল লেটার দিয়া আরম্ভ করিতে হইবে।

৫. সৃষ্টিকর্তার নাম ও তাঁহার পরিবর্তে ব্যবহৃত প্রনাউনের প্রথম অক্ষর ক্যাপিটাল লেটার দিয়া লিখিতে হইবে।

৬. প্রনাউন আই সর্বদাই ক্যাপিটাল লেটার হইবে।

৭. সংক্ষিপ্ত উপাধিবোধক বা কোন শব্দের সংক্ষিপ্ত রূপের প্রথম অক্ষরটি ক্যাপিটাল লেটার হয়।

এখানে উল্লেখ করা যাইতে পারে যে, সাইন বোর্ড, দেওয়ালের লিখন, বিজ্ঞাপন ইত্যাদি জ্ঞান অর্জনে সহায়তা করিয়া থাকে। আর তাই যথাযথভাবে লেখা না হইলে তাহা বিভ্রান্তির সৃষ্টি করিবেই। এ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**কে,এম, ইউনুস,**
আই/৬, আরিফাবাদ হাউজিং,
পল্লবী, ঢাকা।